# আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়

টি.কে ভবন (১৬তম তলা), কাওরান বাজার, ঢাকা।

## নিলাম বিজ্ঞপ্তি

### (অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ৩৩ (৭) ধারা মোতাবেক)

অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ৩৩(৭) ধারা মোতাবেক এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে যে, M/s. Nilanjana Palli Proprietor- Farjana Yeasmin Nila, Address- Jasmin Garden, Apartment No-B/5, Road-63, Gulshan-02, Dhaka আইসিবি ইসলামিক ব্যাংক লিঃ (সাবেক দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ), গুলশান শাখা হইতে বিনিয়োগ সুবিধা গ্রহণ করেন, কিন্তু পরবর্তীতে তিনি ঋণখেলাপীতে পরিণত হন এবং ব্যাংকের নিকট তিনি পাওনা পরিশোধের জন্য দায়বদ্ধ। ব্যাংকের পাওনা আদায়ে তফসিলভুক্ত বন্ধকী সম্পত্তি নিম্নে বর্ণিত শর্তাবলীতে বিক্রির জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে দরপত্র আহ্বান করা যাইতেছে:

### শর্তাবলী

১। আগামী ২২/০৪/২০২৪ ইং তারিখ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে আইসিবি ইসলামিক ব্যাংক লিঃ, টি, কে ভবন, ১৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ১৬ তলায় রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র জমা দিতে হইবে এবং একই দিন ৩.৩০ ঘটিকায় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতা দরপত্রের সহিত নিজ প্যাডে বা সাদা কাগজে নিজ পরিচয়, NID এর কপি যোগাযোগের পূর্ণাঙ্গ ঠিকানা মোবাইল নাম্বারসহ বিস্তারিত উল্লেখ করিয়া নিলাম বিজ্ঞপ্তির কপিসহ দাখিল করিতে হইবে। প্রতিটি সিডিউলের জন্য পৃথক দরপত্র ও পে- অর্ডার অবশ্যই জমা দিতে হইবে নতুবা দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

| দরপত্রের উদ্ধৃত মূল্য | জামানত | বাকী টাকা পরিশোধের সময় |
|---|---|---|
| অনূর্ধ্ব টাকা ১০,০০,০০০/- | ২০% | দরপত্র গৃহিত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এক কিস্তিতে |
| টাকা ১০,০০,০০১/- হতে অনূর্ধ্ব টাকা ৫০,০০,০০০/- | ১৫% | দরপত্র গৃহিত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে দুই কিস্তিতে প্রতি ৩০দিন পর পর |
| টাকা ৫০,০০,০০০/- এর অধিক | ১০% | দরপত্র গৃহিত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে তিন কিস্তিতে প্রতি ৩০দিন পর পর |

নিলামের পূর্ণ অর্থ যথা সময়ে জমা দানে ব্যর্থতায় জমাকৃত জামানতের টাকা সম্পূর্ণরূপে বাজেয়াপ্ত হইবে এবং সেক্ষেত্রে ২য় সর্বোচ্চ দরদাতাকে সর্বোচ্চ দর মোতাবেক ক্রয়ের সুযোগ দেওয়া যাইতে পারে।

৩। দরপত্রে উল্লেখিত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবেন।

৪। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণ করিতে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারী অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৫। সফল দরদাতাকে রেজিস্ট্রি, খরচ, স্ট্যাম্প ডিউটি, অন্যান্য শুল্ক এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ বহন করিতে হইবে।

৬। সার্থক দরদাতা নিলামকৃত সম্পত্তির রেকর্ড যাচাই, সম্পত্তির উপর কোন প্রকার আইনি কার্যক্রম বা রেকর্ড সংশোধনের প্রয়োজন হলে নিজ উদ্যোগে তা সম্পন্ন করিবেন।

৭। তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা সিটি করপোরেশন, পৌরসভা, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদির যে কোন পাওনা বা দাবি থাকিলে তাহা পরিশোধের কোন দায়-দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাইবে না। উক্ত জমিটি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থাতেই বিক্রি হইবে।

৮। উল্লেখ্য যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

### তফসিল

জিলাঃ ঢাকা, থানা- রামপুরা ও সাব-রেজিষ্ট্রি অফিস সাবেক তেজগাঁও, বর্তমানে খিলগাঁও থানার অধীন ৬১ নং তৌজির সাবেক ২৯০ নং হালে ১২০ নং মৌজা উলুনস্থিত সাবেক ৩৪ নং এস.এ, ৯৪ নং, আর.এস, ৮৪২ নং খতিয়ান ভুক্ত সাবেক ২৩০ নং দাগে আর.এস, ১৬০১ নং দাগের নালবোর জমি ৭১ শতাংশের কাতে দলিলদাতার খরিদা ১ বিঘা ৪ কাঠা হইতে ২ কাঠা বা ৩.৩০ শতাংশ জমি, যাহার চৌহদ্দিঃ উত্তরে- আপ্তাব উদ্দিন সাহেবের খারিদা অত্র দাগের জমি, দক্ষিনে- সৈয়দা সুলতানা সিরাজুন নেছা আশ্রাফি (জেসমিন), এর খরিদা অত্র দাগের জমি, পূর্বে- নুরজাহান বেগম বর্তমানে বেগম হসনে আরা, সামসুর রহমান, মাসুদা খাতুনের খারিদা জমি, পশ্চিমে-বাহার মিয়া, অত্র দলিল দ্বারা বন্ধকী সম্পত্তি বটে।

### এবং

জিলাঃ ঢাকা, থানা- রামপুরা ও সাব-রেজিষ্ট্রি অফিস সাবেক তেজগাঁও, বর্তমানে খিলগাঁও থানার অধীন ৬১ নং তৌজির সাবেক ২৯০ নং হালে ১২০ নং মৌজা উলুনস্থিত সাবেক ৩৪ নং এস.এ, ৯৪ নং, আর.এস, ৮৪২ নং খতিয়ান ভুক্ত সাবেক ২৩০ নং দাগে আর.এস, ১৬০১ নং দাগের নালবোর জমি ৭১ শতাংশের কাতে দলিলদাতার খরিদা ১ বিঘা ৪ কাঠা হইতে ২ কাঠা বা ৩.৩০ শতাংশ জমি, যাহার চৌহদ্দিঃ উত্তরে- এস সনোয়ার হোসেনের খারিদা অত্র দাগের জমি, দক্ষিনে- আব্দুর রাজ্জাক মিয়ার জমি, পূর্বে- নুরজাহান বেগম, বর্তমানে বেগম হোসনে আরা, সামসুর রহমান, মাসুদা খাতুনের খারিদা জমি, পশ্চিমে-বাহার মিয়া, অত্র দলিল দ্বারা বন্ধকী সম্পত্তি বটে। মোট জমির পরিমান- ২ কাঠা + ২ কাঠা = ৪ কাঠা।

কারও দয়ায় দেশ পাইনি<br>
দেশ পেয়েছি যুদ্ধ করে<br>
দুর্নীতিকে কবর দিয়ে<br>
রাখব এদেশ শুদ্ধ করে।<br>
**জাহাঙ্গীর আলম জাহান**

**আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড**<br>
প্রধান কার্যালয়